



বাংলাদেশ কৃষি ব্যাংক

আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়
সুনামগঞ্জ

Email: raosunamgonj@krishibank.org.bd



প্রশা-০৩/আনিকা(সুনাম)/ শুদ্ধাচার -০১/২০২২-২৩/ ১৫৪

তারিখঃ ০২/০১/২০২৩ খ্রি.


অদ্য ০২.০১.২০২৩ ইং তারিখ সকাল ১১.০০ ঘটিকায় বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সুনামগঞ্জ এর আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা ও শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভাপতি জনাব নিশিত কান্তি দেবনাথ এর সভাপতিত্বে এবং সদস্য সচিব জনাব আব্দুল মোহিত এর পরিচালনায় জুলাই/২২ হতে ডিসেম্বর/২০২২ পর্যন্ত ত্রৈমাসিক সময়কালের কার্যক্রম পর্যালোচনা এবং জানুয়ারী/২৩ হতে মার্চ/২০২৩ ভিত্তিক ত্রৈমাসিক সময়কালের কর্মপরিকল্পনা গ্রহন বিষয়ে শুদ্ধাচার ও নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়। সভায় নিম্নবর্ণিত কর্মকর্তা/কর্মচারী উপস্থিত ছিলেন।

ক্রঃনং	নাম ও পদবী	কমিটির পদবী	মোবাইল নং	ইমেইল ঠিকানা
১	জনাব নিশিত কান্তি দেবনাথ	সভাপতি	০১৭১২-৭০৫৩০৭	raosunamgonj@krishibank.org.bd
২	জনাব আব্দুল মোহিত	ফোকাল পয়েন্ট কর্মকর্তা	০১৭১৮৯৬১২৫২	raosunamgonj@krishibank.org.bd
৩	জনাব নাসির আলী	সদস্য	০১৭১২৭৯৫৮৫২	aosunamgonj@krishibank.org.bd

সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত পর্যালোচনা ও অগ্রগতি বিষয়ক পরিকল্পনা গ্রহন করা হয়ঃ-

- ০১। বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকার নিরীক্ষা বিভাগ এর নির্দেশনা অনুযায়ী অগ্রাধিকার ভিত্তিতে বিভাগীয় নিরীক্ষা কার্যালয়ের চাহিদা মোতাবেক বিভিন্ন পেনশনগ্রহীতাদের ও ইস্তফাদানকারী কর্মকর্তা/কর্মচারীদের দায়দেনা যাচাই সংক্রান্ত ও তামাদি ঋণ নিয়মিতকরণ যাচাই সংক্রান্ত।
- ০২। বিগত জুলাই/২০২২ মাসে ০২ টি শাখা, আগস্ট/২০২২ ০২ টি শাখা সেপ্টেম্বর/২০২২ মাসে ০৪ টি অক্টোবর/২২ মাসে ২টি নভেম্বর/২২ মাসে ৩টি ডিসেম্বর/২২ মাসে ৩টি শাখাসহ ত্রৈমাসিকে মোট ১৬ টি শাখার অভ্যন্তরীণ নিরীক্ষা কার্যক্রম সম্পাদন ও প্রতিবেদন প্রস্তুত করতঃ শাখায় প্রেরণ সম্পর্কিত।
- ০৩। জানুয়ারী/২৩ হতে মার্চ/২০২৩ মাসের সম্ভাব্য নিরীক্ষাতব্য শাখাসমূহ নির্ধারণ সম্পর্কিত আলোচনা।
- ০৪। নিম্পত্তিযোগ্য অনুচ্ছেদ/আপত্তি সমূহ নিরীক্ষাকালীন সময়ে যথাসম্ভব অকুস্থলে মীমাংসাকরণ সম্পর্কিত।
- ০৫। জানুয়ারী/২৩ হতে মার্চ/২০২৩ ত্রৈমাসিকে বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, সিলেট এর চাহিদার প্রেক্ষিতে বিভিন্ন পেনশনার ও ইস্তফা দানকারীর দায়দেনা যাচাই সংক্রান্ত।
- ০৬। কার্যালয়ের পরিস্কার-পরিচ্ছন্নতা নিশ্চিতকরণ সম্পর্কিত এবং কার্যালয়ের ফাইলসমূহ সুন্দর ও দৃষ্টিনন্দনভাবে গুছিয়ে রাখা সম্পর্কিত।
- ০৭। করোনা ভাইরাস মোকাবেলায় হ্যান্ড স্যানিটাইজার ও মাস্ক ব্যবহার নিশ্চিতকরণ ও 'নো মাস্ক নো সার্ভিস' সকলের জন্য বাস্তবায়ন নিশ্চিতকরণ সম্পর্কিত।
- ০৮। বিকেবির সকল প্রকার গ্রাহকদের দ্রুততার সাথে সর্বোচ্চ সেবা নিশ্চিতকরণ সম্পর্কিত।
- ০৯। বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকার নিরীক্ষা বিভাগ এর নির্দেশনা অনুযায়ী শাখা পর্যায়ে শুদ্ধাচার ও নৈতিকতা সংক্রান্ত অগ্রগতি পর্যালোচনা করার এবং বিকেবি আচরণবিধি সম্পূর্ণ মেনে চলার অঙ্গীকার ব্যক্ত করে অন্য কোন আলোচনার বিষয় না থাকায় সভাপতি কমিটির সদস্যগণকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

সংশ্লিষ্ট কর্মকর্তা


(নিশিত কান্তি দেবনাথ)
আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা
বাংলাদেশ কৃষি ব্যাংক
আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, সুনামগঞ্জ।